



বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

ফ্লিপচার্ট

বিষয়-০৬

অভিযোগ প্রতিকার ব্যবস্থা



টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প



বিষয় - ৬

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

চার্ট-১ : পরিবেশগত ও সামাজিক সুরক্ষা



পরিবেশ সুরক্ষা

- বনায়নে দেশীয় প্রজাতি নির্বাচন
- পরিবেশবান্ধব রোগ বালাই দমন ব্যবস্থাপনা
- জৈব সার প্রয়োগ
- আগাছা পরিষ্কার ও দমনে আগুনের ব্যবহার না করা
- দূষণ পরিহার ও জীববৈচিত্র্য সংরক্ষণ

সামাজিক সুরক্ষা

- বন নির্ভর জনগোষ্ঠীর সাথে খোলামেলা আলোচনা ও সম্মতিগ্রহণের মাধ্যমে জীবিকা উন্নয়ন ও সম্ভাব্য ক্ষতি হ্রাস
- নারীর অংশগ্রহণ ও ক্ষমতায়ন
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিতকরণ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

- জনগোষ্ঠীর অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রবর্তন

চার্ট-২ : সহযোগিতামূলক বন ব্যবস্থাপনায় নারী পুরুষের সমতা



সকল কমিটি ও উপ কমিটিতে ৫০% নারীর অংশগ্রহণ

সকল কাজে সমান মজুরী ও সুযোগ-সুবিধা প্রদান

জীবন জীবিকায় নারী পুরুষের সমতা

নারীর ক্ষমতায়ন

বন সংরক্ষণের মূল ধারায় নারী পুরুষের সমতা

চার্ট-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা

প্রকল্পের কর্মসূচি বাস্তবায়নে ও সেবা প্রদানে সৃষ্ট অভিযোগ এবং ক্ষোভ নিরসনের লক্ষ্যে একটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএম) প্রতিষ্ঠা করা হয়েছে। প্রকল্পের কার্যক্রমগুলোর নিরবিচ্ছিন্ন বাস্তবায়ন এবং সেবা প্রদান নিশ্চিত করার জন্য জিআরএম এর আওতায় আলোচনা এবং ঐক্যমত্যের ভিত্তিতে উদ্ভূত বিষয়াদি/দ্বন্দ্বগুলো দ্রুত আপোষ নিষ্পত্তির চেষ্টা করা হয়

জিআরএম এর অংশ হিসেবে প্রকল্প এবং উপ-প্রকল্প ভিত্তিক অভিযোগ প্রতিকার কমিটি (জিআরসি) গঠন করা হবে যাতে বন বিভাগের নিজস্ব প্রতিনিধি ছাড়াও সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনদের প্রতিনিধিসহ অন্তত: স্থানীয় পর্যায়ে বন নির্ভর জনগোষ্ঠীর প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে

জিআরসি অংশীজনদের কাছে প্রাসঙ্গিক তথ্যাদির পূর্ণ প্রকাশসহ স্বচ্ছতার সাথে সকল কার্যক্রম পরিচালনা করবে।

অভিযোগ প্রতিকারে ‘নীচ থেকে উপরে’ পদ্ধতি অবলম্বন করা হবে। অভিযোগগুলো সম্পর্কে প্রথমে স্থানীয় পর্যায়ে আলোচনা করে গ্রামবাসী নিজেদের মধ্যে সমাধানের চেষ্টা করবে। প্রয়োজনে বিষয়টি জেলা/আঞ্চলিক পর্যায়ে উচ্চ স্তরে প্রেরণ করা হবে এবং অবশেষে কেন্দ্রীয় স্তরে পিএমইউতে প্রেরণ করা যেতে পারে

নির্বিশেষে জিআরএম পরিচালনার জন্য একটি প্রাসঙ্গিক প্রক্রিয়া তৈরি করা হবে এবং একটি যোগাযোগ নীতিমালা তৈরি করে জনসাধারণ এবং সংশ্লিষ্ট অংশীজনদের নিকট তা প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট অংশীজনেরা তাদের অভিযোগগুলো নিবন্ধন করতে সক্ষম হবেন

মাঠ পর্যায়ে অভিযোগ নিবন্ধন বই খোলা হবে যাতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক আনীত অভিযোগ/ক্ষোভ সেখানে গ্রহণ এবং যথাযথভাবে নিবন্ধন করা যায়

চার্ট-৪ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা (চলমান...)

সকল অভিযোগের মামলা এক মাসের সীমা অতিক্রম না করে যুক্তিসঙ্গত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করা হবে। এ জন্য বন বিভাগ/সুফল প্রকল্প কর্তৃপক্ষ একটি উপযুক্ত পরিবীক্ষণ ব্যবস্থা গড়ে তুলবে যাতে সংশ্লিষ্ট সকলে বাস্তবায়ন স্তরে অভিযোগ প্রতিকারের অগ্রগতির অবস্থা জানতে এবং বুঝতে পারে

অভিযোগ প্রতিকার প্রক্রিয়া চলাকালীন সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের বাংলাদেশের আদালতে আইনি প্রতিকার পাওয়ার বিকল্প পথ রয়েছে। এ ক্ষেত্রে বন বিভাগ বন নির্ভর জনগোষ্ঠী, বিশেষত: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করবে তারা যেন সরকারের সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার পক্ষ থেকে বিনামূল্যে আইনি সহায়তা পায়

এটি নিশ্চিত করা হবে যে সংশ্লিষ্ট ব্যক্তির ওপর কোন খরচ (যেমন ভ্রমণ ও আবাসনের জন্য) চাপানো হবে না যদি তিনি কোন অনগ্রসর জনগোষ্ঠীর সদস্য হন

যে ক্ষেত্রে কমিউনিটি বা ব্যক্তিবর্গ বিশ্বাস করে যে তারা প্রকল্পের কার্যক্রম দ্বারা বিরূপভাবে প্রভাবিত হয়েছে সে ক্ষেত্রে তারা বিশ্ব ব্যাংকের অভিযোগ প্রতিকার পরিষেবা ইউনিটে অভিযোগ জমা দিতে পারবে


সরকারি মন্ত্রণালয় ও অধিদপ্তরগুলো প্রকল্পের কার্যক্রম এবং প্রশাসনিক কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য অভিযোগ প্রতিকার পদ্ধতি (জিআরএস)-২০১৫ (সংশোধিত-২০১৮) অনুসরণ করবে

স্থানীয় কমিটিতে প্রকল্প কর্মকর্তা বা সেবা নিয়ে কোন উদ্বেগ বা দ্বন্দ্ব দেখা দিলে সিএফএমসি/ভিসিএফ-ইসি তা স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ নেবে। যদি সিএফএমসি/ভিসিএফ-ইসি অভিযোগ মীমাংসা করতে ব্যর্থ হয়, তারা জিআরএস-২০১৫ নির্দেশনা অনুসরণ করবে

চার্ট-৫ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা (চলমান...)

বিবাদ মীমাংসা/দ্বন্দ্ব নিরসনে সমস্যা-সমাধানের যোগাযোগ বৃক্ষ:

বিবাদ মীমাংসা/দ্বন্দ্ব নিরসনের জন্য ১ থেকে ৫ পর্যন্ত পদক্ষেপসমূহ অনুসরণের পর ব্যর্থ হলে ৬ - ৭ নং ধাপসমূহ অনুসরণ করা হবে।



‘অভিযোগ প্রতিকার’ এবং
‘তথ্য অধিকার’ বিষয়ক তথ্যাদি
রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে

২৪/৭ হটলাইন নম্বর
+৮৮-০১৯৯৯-০০০১১৮